# বক্ষ সৌন্দর্য্যবৃদ্ধি নিয়ে কয়েকটি দরকারি কথা

*প্রতি বছরেই আমাদের ভারত সহ বিশ্বের বিভিন্ন দেশে কয়েক মিলিয়ন মহিলা 'ব্রেস্ট অগমেন্টেশন' নামের কসমেটিক প্রসিডিওরটির সাহায্যে নিজেকে সুন্দর করে তোলেন। অত্যাধুনিক পদ্ধতিতে এই চিকিৎসার সুযোগ আছে আমাদের কলকাতাতেও। এই বিষয়ে অনেক অজানা তথ্যের সন্ধান দিলেন* ***সিনিয়ার অ্যাস্থেটিক প্লাস্টিক ও কসমেটিক সার্জন*** **ডা. অনির্বাণ ঘোষ**।




**DR. ANIRBAN GHOSH**
MBBS (Gold Medalist), MS (General Surgery), MRCS (England), MCh (Plastic & Reconstructive Surgery)

***প্রশ্ন : ব্রেস্ট অগমেন্টেশনে কি করা হয়?***

**ডা. ঘোষ :** ব্রেস্ট অগমেন্টেশন বা চিকিৎসার পরিভাষায় 'অগমেন্টেশন ম্যামোপ্ল্যাস্টি' এক ধরণের কসমেটিক প্রসিডিওর। প্লাস্টিক সার্জনরা এই পদ্ধতিতে মহিলাদের ছোট ব্রেস্টকে শরীরের গঠন অনুসারে স্বাভাবিক করে তোলেন। সাধারণত এজন্য ব্রেস্টের ফ্যাট টিস্যুর মধ্যে বুকের পেশীর উপরে ব্রেস্ট ইমপ্ল্যান্ট বসিয়ে দেওয়া হয়। এজন্য সাধারণত স্যালাইন্ ওয়াটার ও সিলিকন জেল এই দু ধরণের প্রস্থেসিস ব্যবহার করা হয়। প্রথম ক্ষেত্রে শুকনো প্রস্থেসিস স্তনের মধ্যে বসিয়ে দেওয়ার পর নুন জল ভরে দেওয়া হয় অন্য দিকে সিলিকন জেল ইমপ্ল্যান্ট সরাসরি অপারেশনের সময়েই বসান হয়। এর বিপরীতে অতিরিক্ত বড় ও ভারী স্তনকে রিডাকশন পদ্ধতিতে ফ্যাটটিসু বার করে প্রয়জনমতো ছোট করা হয়। ব্রেস্ট অগমেন্টেশন শুধু মহিলাদের সৌন্দর্য্যই বাড়ায় না অনেক ক্ষেত্রেই আত্মবিশ্বাস ফিরে পেতে ও ব্যাক্তিত্যের বিকাশ ঘটাতেও সাহায্য করে।

***প্রশ্ন : ছোট বয়সে কি এই ধরণের কসমেটিক সার্জারি করা উচিৎ?***




**ডা. ঘোষ :** সাধারণত আঠারো বছরের পরেই এই ধরণের সার্জারির পরামর্শ দেওয়া হয়। তবে জন্মগত ত্রুটি সারাতে বা দুর্ঘটনার পর রিকনস্ট্রাক্টিভ সার্জারির মতো বিশেষ প্রয়োজনে অনেক সময়ে আঠারোর নিচেও ব্রেস্ট অগমেন্টেশন বা মেল ব্রেস্টে কসমেটিক সার্জারি করা হয়।

***প্রশ্ন : ব্রেস্ট অগমেন্টেশনের পরে ব্রেস্ট ফিডিংএ কি কোন অসুবিধা হয়?***

**ডা. ঘোষ :** ব্রেস্ট অগমেন্টেশনের পরবর্তি কালে ব্রেস্ট ফিডিংএ সাধারণত কয়েকটি ব্যতিক্রমি ক্ষেত্র ছাড়া অসুবিধা হয় না। তবে নিকট ভবিষ্যতে মা হওয়ার পরিকল্পনা থাকলে বা হবু মায়েদের ক্ষেত্রে এই ধরণের কসমেটিক প্রসিডিওর না করানই ভালো।

***প্রশ্ন : এই জাতীয় কসমেটিক সার্জারির পর সেরে উঠতে কত দিন সময় লাগে?***

**ডা. ঘোষ :** ব্রেস্ট অগমেন্টেশনের ক্ষেত্রে প্রতিদিনের ছন্দে ফিরতে তিন চার সপ্তাহ সময় লাগে। তবে চিকিৎসকের পরামর্শ অনুসারে কয়েকটি ব্যায়াম করতে হয় ও কিছু পোস্ট অপারেটিভ কেয়ার মেনে চলতে হয়।

Anirvana
by Dr. Anirban Ghosh
Results now... Results forever...
8/29, Fern Road, Ballygunge Gardens,
Gariahat, Kolkata-700019
www.anirvana.in :: E-mail : info@anirvana.in
6289 109 687 /62898 67522